

# সব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য মাউশির জরুরি ৫ নির্দেশনা

অনলাইন ডেক্স



বছরের শুরুতে শিক্ষার্থীদের হাতে নতুন  
পাঠ্যপুস্তক তুলে দেওয়া হবে। এই উপলক্ষে  
শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে পাঁচ দফা নির্দেশনা  
দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
(মাউশি)।

মাউশির সহকারী পরিচালক (মাধ্যমিক-১) এস.  
এম জিয়াউল হায়দার হেনরী স্বাক্ষরিত  
বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়েছে।  
বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মুদ্রণকারী  
প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ২০২৬ শিক্ষাবর্ষের  
ইবতেদায়ি, মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভাস্বন),  
দাখিল, এসএসসি ও দাখিল ভোকেশনাল এবং

কারিগরি (ট্রেড) স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক  
মুদ্রণপূর্বক সরবরাহ শুরু হয়েছে।

শিক্ষার্থীদের নিকট যথাসময়ে মানসম্মত  
পাঠ্যপুস্তক পৌঁছে দিতে এবং বিতরণ কার্যক্রম  
সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে নির্দেশনাগুলো  
অনুসরণ করতে অনুরোধ করা হয়েছে।

## মাউশির ৫ নির্দেশনা হলো

১. জেলা, উপজেলা বা থানায় এনসিটিবির  
নির্ধারিত টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী  
মুদ্রণ প্রতিষ্ঠান হতে পাঠ্যপুস্তকসমূহ বুঝে নিতে  
হবে।

২. সরবরাহকৃত পাঠ্যপুস্তক গ্রহণের পর  
<https://nctb.ihealthscreen.org> ঠিকানায়  
"পাঠ্যপুস্তক গ্রহণ বা বিতরণ সিস্টেম"-এ প্রবেশ  
করে মেনুবারের 'Chalan Management'-এর  
প্রযোজ্য স্থানে ক্লিক করে জেলা, উপজেলা বা  
থানা শিক্ষা কর্মকর্তার বিদ্যমান ইউজার আইডি  
ও পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইনে  
পাঠ্যপুস্তকের চালানের অনুমোদন দিতে হবে।

৩. পাঠ্যপুস্তক গ্রহণের পর দ্রুততম সময়ে  
অনলাইনে চালানের অনুমোদন দিতে হবে।

৪. সাপ্তাহিক ছুটির দিনগুলোতেও পাঠ্যপুস্তক  
সরবরাহ ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

৫. প্রত্যেক জেলা, উপজেলা ও থানা মাধ্যমিক  
শিক্ষা অফিসার নিজ নিজ ইউজার অ্যাকাউন্টে  
উপজেলা বা থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের  
নাম, মোবাইল নম্বর ও স্বাক্ষর হালনাগাদ করে  
আপলোড করবেন।